পুরুলিয়ায় গীতাঞ্জলি ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 342 Friday, 15 November, 2024 ✻ ২৯ বর্ষ, ৩৪২ সংখ্যা ✻ ২৯ কার্তিক ১৪৩১, শুক্রবার, ১৫ নভেম্বর, ২০২৪ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য- ৩ টাকা

বাসের রেষারেষি বন্ধে নতুন দাওয়াই রাজ্য সরকারের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ এবার থেকে নিজেদের মর্জি মতো বেসরকারি বাস চালানো যাবে না। মানতে হবে নির্দিষ্ট টাইমটেবিল। বেপরোয়া চালকদের শায়েস্তা করতে এখন থেকে শহরের সব রাস্তায় বসানো হবে স্পিড ব্রেকার। থাকবে সিসিটিভি নজরদারিও। নিয়ম ভাঙলে বাতিল হবে সংশ্লিষ্ট চালকের লাইসেন্স। এজন্য দুর্ঘটনাপ্রবণ এলাকায় বাড়তি ট্রাফিক পুলিশ মোতায়েন করা হবে। মঙ্গলবার সল্টলেকে দু'টি বাসের রেষারেষিতে মর্মান্তিক মৃত্যু হয়েছিল চতুর্থ শ্রেণির এক ছাত্রের। মায়ের সঙ্গে স্কুটিতে চেপে স্কুল থেকে ফিরছিল শিশুটি। ওই ঘটনায় ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী সব পক্ষকে নিয়ে অবিলম্বে রাজ্যের পরিবহণ মন্ত্রীকে বৈঠক ডাকার নির্দেশ দিয়েছিলেন। মুখ্যমন্ত্রীর নির্দেশে বৃহস্পতিবার দুপুরে বসেছিল প্রশাসনিক বৈঠক। পুর ও নগরোন্নয়ন দফতরে মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের নেতৃত্বে বৈঠকে উপস্থিত ছিলেন পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী, রাজ্য পুলিশের ডিজি, পরিবহণ সচিব, কলকাতার পুলিশ কমিশনার, জয়েন্ট সিপি ট্রাফিক, সিপি বিধাননগর এবং ট্রাফিক পুলিশের কর্তারা। বৈঠকে হাজির ছিলেন বাস সংগঠনের সদস্যরাও। সেখানে

বাসের রেষারেষি নিয়ে একগুচ্ছ পদক্ষেপ নেওয়া হয়েছে। শহরবাসীর অভিযোগ, কমিশনের লোভে চালকেরা বাস রেষারেষি করে চালান। তারই জেরে দুর্ঘটনা বাড়ছে। এ প্রসঙ্গে ববি বলেন, ''কমিশনের লোভে রেষারেষি করে বাস দৌড়ানো আর বরদাস্ত করা হবে না। এবার থেকে ট্রাফিক মনিটরিং সিস্টেম থাকবে। সেই অনুযায়ী বাস চলবে। জিপিএস সিস্টেম চালু করা হচ্ছে, যাতে বাসের মুভমেন্টও দেখা যায়। আইন ভাঙলে বাতিল করা হবে লাইসেন্স।'' সূত্রের খবর, এদিন বৈঠক চলাকালীনও দু'বার ফিরহাদকে ফোন করেছিলেন মুখ্যমন্ত্রী। বৈঠকে বিস্তারিত বিষয়ে খোঁজখবর নেন মুখ্যমন্ত্রী। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কোন রুটে কতগুলি বাস চলছে তা সমীক্ষা করে দেখা হবে। সেই মতো নির্দিষ্ট সময় গ্যাপে বাস চালানোর সময়সীমা বেঁধে দেওয়া হবে। এছাড়াও একটি অ্যাপ চালু করা হচ্ছে। যেখানে সেভ লাইফ সেফ ড্রাইভ নিয়ে সচেতনতার প্রচার করা হবে। থাকবে ট্রাফিক নিয়মাবলিও। শহরের যে সব রাস্তায় সিসিটিভি নেই সেখানেও বসানো হবে ক্যামেরা। নিয়মিত নজরদারি চালানো হবে। এছাড়াও পথ নিরাপত্তায় প্রতি মাসে পরিবহণ বিভাগের তরফে 'সেফ ড্রাইভ সেভ লাইফ' এর একটি কর্মসূচি করা হবে।

মোদিজি কোনওদিন সংবিধান পড়েননি, আক্রমণ রাহুলের

পুনে, ১৪ নভেম্বরঃ মহারাষ্ট্র ভোট চলাকালীন সংবিধান ইস্যুতে নরেন্দ্র মোদিকে আক্রমণ করলেন রাহুল গান্ধি। বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে কড়া সমালোচনা করেন তিনি। এবং বিজেপির বিরুদ্ধে সংবিধান ও দেশের জাতীয় প্রতীককে অসম্মান করার অভিযোগ আনেন। সম্প্রতি একটি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদি মন্তব্য করেন যে, রাহুল গান্ধি যে লাল বই অর্থাৎ সংবিধান তুলে ধরছেন, তা ফাঁকা পাতা ছাড়া কিছু নয়। এর জবাবে রাহুল গান্ধি বলেন, ''প্রধানমন্ত্রী মনে করেন বইটি ফাঁকা, কারণ তিনি কখনও সেটি পড়েননি।'' প্রধানমন্ত্রী বলেন, ''কংগ্রেস যে লাল বই তুলে ধরছে, তা ফাঁকা। সেখানে কিছু নেই।'' মোদির মন্তব্যের পরই রাহুল পাল্টা বক্তব্যে বলেন, ''প্রধানমন্ত্রী এই বইটিকে ফাঁকা ভাবেন, কারণ তিনি সেটি পড়ার প্রয়োজন বোধ করেন না। সংবিধানকে সম্মান না করার মনোভাব বিজেপির রাজনীতিতে বারবার প্রতিফলিত হয়েছে।'' রাহুল গান্ধির দাবি, বিজেপি বারবার সংবিধানের বিরোধিতা করছে এবং দেশের গণতান্ত্রিক কাঠামোকে দুর্বল করার চেষ্টা করছে। তিনি বলেন, ''বিজেপি সংবিধানকে গুরুত্ব দেয় না, তারা বারবার এমন পদক্ষেপ গ্রহণ করছে যা আমাদের সংবিধান এবং গণতন্ত্রের ভিত্তিকে দুর্বল করছে। সংবিধান কেবল একটি বই নয় এটি আমাদের অধিকার ও স্বাধীনতার প্রতীক।'' রাহুল আরও অভিযোগ করেন, ''বিজেপি জাতীয় প্রতীক এবং আদর্শকে অবমাননা করছে। বিজেপি দেশের বিভিন্ন জাতীয় প্রতীককে সম্মান দিতে ব্যর্থ হয়েছে। তারা ইতিহাস বিকৃত করে নিজেদের সুবিধার্থে জাতীয় প্রতীক ও মহান ব্যক্তিত্বদের ব্যবহার করছে।'' এই ঘটনার পর কংগ্রেস নেতৃত্বে বিজেপির বিরুদ্ধে তাদের প্রচার আরও জোরদার করেছে। কংগ্রেস নেতারা বলছেন, বিজেপি দেশের ঐতিহ্য, ইতিহাস এবং সংবিধানের প্রতি সম্মান প্রদর্শন করতে ব্যর্থ হয়েছে। তাদের দাবি, মোদির নেতৃত্বে বিজেপি একটি একনায়কতান্ত্রিক মনোভাব গ্রহণ করেছে, যা দেশের গণতন্ত্রের জন্য ক্ষতিকর। কংগ্রেসের পক্ষ থেকে রাহুল গান্ধির মন্তব্যের প্রতি সমর্থন জানিয়ে বলা হয়, সংবিধান দেশের জন্য একটি পবিত্র দলিল এবং এর প্রতি শ্রদ্ধা প্রদর্শন সকল নাগরিকের দায়িত্ব। বিজেপির মন্তব্যগুলি সংবিধানের মূল আদর্শের সঙ্গে বিরোধী বলে দাবি করেছে কংগ্রেস।

অভিষেক নরওয়ে যাচ্ছেন না, অসলো সফর বাতিলে কৌতূহল বাড়ল দ্রুত রদবদল নিয়ে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ কদিন আগে নয়াদিল্লিতে নরওয়ের দূতাবাস থেকে জানানো হয়েছিল, নভেম্বরে অসলো (নরওয়ের রাজধানী) সফরে আমন্ত্রণ জানানো হয়েছে তৃণমূল সাংসদ তথা দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। লিঙ্গ সাম্য ও মহিলাদের ক্ষমতায়নের জন্য নরওয়ে সরকার সেখানে যে নীতি বাস্তবায়িত করেছে, সে ব্যাপারে আলোচনার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে তৃণমূল সাংসদকে। ১৭ থেকে ২২ নভেম্বর পাঁচ দিনের সফরে আমন্ত্রণ জানানো হয়েছিল অভিষেককে। বাংলায় তৃণমূল সরকারের মেয়াদে মহিলাদের আর্থসামাজিক ক্ষমতায়ণের জন্য কন্যাশ্রী, লক্ষ্মীর ভাণ্ডারের মতো প্রকল্পের রূপায়ণ করেছে। হতে পারে সে সব কারণেই বাংলার শাসক দলের প্রতিনিধিকে ডাকা হয়েছিল অসলো কনভেনশনে। অভিষেক জানিয়েছেন, তিনি আপাতত নরওয়ে সফরে যাচ্ছেন না। এ ব্যাপারে নরওয়ে দূতাবাসকে তাঁর অপারগতার কথা জানিয়ে দিয়েছেন। ঘটনা হল, নরওয়ে সফর বাতিল করার ব্যাপারে অভিষেকের এই সিদ্ধান্ত আবার দলের মধ্যে একটা আলোড়ন তৈরি করেছে। বিষয়টি সবস্তরের নেতারা এখনও জানেন না। কালীঘাট ঘনিষ্ঠ শীর্ষসারির কয়েকজন নেতার গোচরে তা রয়েছে। এবং তাঁরা মনে করছেন, তৃণমূলের সাংগঠনিক রদবদল এবার যে কোনওদিন ঘটে যেতে পারে। কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে এও খবর, প্রস্তাবিত ও সম্ভাব্য রদবদলের কয়েকটা স্তর রয়েছে। সাংগঠনিক রদবদলের ক্ষেত্রে প্রথমে জেলা ও ব্লক স্তরে বদল ঘটানো হবে। সেই সঙ্গে অভিষেক আগেই ইঙ্গিত দিয়েছেন যে পুরসভা ভোটে যেখানে যেখানে খারাপ ফলাফল হয়েছে সেখানে পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান দুজনকেই সরানো হবে। পরিবর্তে নতুন মুখ আনা হবে। জেলা সংগঠনের পাশাপাশি তৃণমূলের যুব ও ছাত্র সংগঠনে রদবদলও একপ্রকার অনিবার্য। শেষ মুহূর্তে কৌশলের কোনও বদল না ঘটলে যুব সভানেত্রীর পদ থেকে সরানো হতে পারে সায়নী ঘোষকে। সায়নীর থেকে জেলা স্তরে যুব সংগঠনে রদবদলের জন্য সুপারিশ অনেক আগেই নিয়ে রেখেছেন রাজ্য সভাপতি সুব্রত বক্সী। ২১ জুলাইয়ের আগে সেই পর্ব সম্পন্ন হয়েছে। একই ভাবে রদবদলের সম্ভাবনা রয়েছে তৃণমূল ছাত্র পরিষদেও। দলের রাজ্য নেতাদের অনেকের মতে, ছাত্র ও যুব সংগঠন ঢেলে সাজানো জরুরি। দলের এই দুই ফ্রন্টাল অর্গানাইজেশন যে ভোঁতা, অকেজো এবং একেবারেই কার্যকরী নয় তা সম্প্রতি আরজি কর পর্বেও স্পষ্ট হয়ে গিয়েছে। জেলা সংগঠনে রদবদলের পর দলের রাজ্য সংগঠনেও কিছু বদল হতে পারে। তবে তা নিয়ে এখনও যে আলোচনা খুব এগিয়েছে তা নয়। মূলত জেলা ও পুরসভা স্তরে বদল নিয়েই সবিস্তার সমীক্ষা করেছে আইপ্যাক। তাদের সুপারিশ মোতাবেক একটা খসড়া চূড়ান্ত করা হয়েছে। কালীঘাট ঘনিষ্ঠ নেতাদের মতে, সংগঠনে এই সব রদবদল হয়ে যাওয়ার পর রাজ্য মন্ত্রিসভাতেও কিছু বদল অনিবার্য ভাবে হতে পারে। ছাব্বিশের বিধানসভা ভোটের আগে সেটা হবে মন্ত্রিসভার শেষ রদবদল।

গুরুতর অসুস্থ প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ ফের অসুস্থ প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। রেশন দুর্নীতি মামলায় জেলে বন্দি রয়েছেন তিনি। জেলে থাকাকালীনই তিনি অসুস্থ হয়ে পড়েন বলে সূত্রের খবর। তাঁকে ভর্তি করা হয়েছে বাইপাসের ধারের বেসরকারি হাসপাতালে। আজ, বৃহস্পতিবার তাঁর জামিন সংক্রান্ত মামলার শুনানি ছিল। সেখানেই তাঁর অসুস্থতার কথা জানিয়েছেন তাঁর আইনজীবীরা। এর আগে অসুস্থ অবস্থায় দীর্ঘ সময় এসএসকেএম হাসপাতালে কাটিয়েছেন জ্যোতিপ্রিয় মল্লিক। তাঁর সেই অসুস্থতা নিয়ে বিতর্কও কম হয়নি। পরে প্রেসিডেন্সি জেলে নিয়ে যাওয়া হয় তাঁকে। সেখানে আবারও অসুস্থ হয়ে পড়েছেন তিনি।

দিন দুয়েক আগেই তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে সেখানে চিকিৎসাধীন তিনি। একাধিক শারীরিক অসুস্থতায় ভুগছেন তিনি। অন্যদিকে, রেশন দুর্নীতি মামলায় তাঁর জামিনের আবেদনে আপত্তি জানিয়েছেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। বৃহস্পতিবার জ্যোতিপ্রিয় মল্লিক আবেদন জানান বিশেষ ইডি আদালতে। তাঁর বালুর আবেদনে আপত্তি জানিয়ে আদালতে রিপোর্ট পেশ করেছে ইডি। আগামী ২০ নভেম্বর ওই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে। গত বছর রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার করা হয় জ্যোতিপ্রিয় মল্লিককে। তারপর থেকে বারবার অসুস্থ হয়ে পড়েছেন তিনি। তাঁর মাথা ঘোরার কারণ জানতে 'হেড আপ টিলট টেবল টেস্ট' পরীক্ষার পরামর্শও দিয়েছিলেন চিকিৎসকরা। এসএসকেএমে গঠিত হয়েছিল মেডিক্যাল বোর্ড।

দুমড়ে গুড়িয়ে গেল পুলকার, গাড়িতে তখনও স্কুলপড়ুয়া, ধাপায় ভয়ঙ্কর দুর্ঘটনা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ ধাপায় দুর্ঘটনার কবলে পুলকার। একটি ট্রেলারে ধাক্কা মেরে রাস্তার পাশে ফাঁকা জমিতে ঢুকে যায় পুলকারটি। দুর্ঘটনার অভিঘাতে দুমড়ে মুচড়ে গুড়িয়ে গিয়েছে পুলকার। গুরুতর জখম পুলকার চালক ও এক স্কুল পড়ুয়া। আশঙ্কাজনক অবস্থায় আহতদের এনআরএস হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পুলকারটি বাইপাসের দিক থেকে ধাপার দিকে যাচ্ছিল। ধাপা রোডে রাস্তার ডান দিকে যাচ্ছিল। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন, গাড়ির গতিবেগ স্বাভাবিকের থেকে অনেক বেশি ছিল। আচমকাই নিয়ন্ত্রণ হারিয়ে

ফেলেন চালক। রাস্তার ডান দিকে দাঁড় করানো একটা ট্রেলারের পিছনে গিয়ে ধাক্কা মারে পুলকারটি। এতটাই জোরে ধাক্কা লাগে, তাতে দুমড়ে মুচড়ে যায় গাড়ির বাঁদিকের অংশ। পুলকার ঘুরে গিয়ে পাশে জমিতে ঢুকে পড়ে। প্রত্যক্ষদর্শীদের দাবি, গাড়িতে চালক ছাড়াও দুজন পড়ুয়া এক জন মহিলা ছিলেন। যদিও পুলিশের দাবি, এক জন পড়ুয়া আহত হয়েছে। ট্রেলারটিকেও বাজেয়াপ্ত করেছে পুলিশ। প্রসঙ্গত, দুদিন আগে সল্টলেকে দুই বাসের রেষারেষিতে মৃত্যু হয়েছে এক স্কুল ছাত্রের।

শিশুপাচার চক্রে ধৃত কলকাতার মানিক গিয়েছিল কঙ্গোয়! বিদেশ যোগ নিয়ে সন্দেহ বাড়ছে গোয়েন্দাদের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ ২ দিনের শিশুকে ভিনরাজ্য থেকে এ রাজ্যে এনে পাচারের চেষ্টা করা হয়েছিল। গোপন সূত্রে খবর পেয়ে সেই সময় হাওড়ার শালিমার স্টেশন থেকে দু'জনকে গ্রেফতার করে সিআইডি। এবার সেই ঘটনার তদন্তে নেমে সিআইডি প্রাথমিক তদন্তে জানতে পেরেছে এই চক্রের সঙ্গে বিদেশ যোগ থাকতে পারে। প্রসঙ্গত, নিঃসন্তান দম্পতি সেজে সিআইডি আধিকারিকরা যোগাযোগ করেছিলেন অভিযুক্ত মানিক হালদার ও তার স্ত্রী মুকুল

সরকারের সঙ্গে। শিশু নেওয়ার বিষয়টি চূড়ান্ত হলে রফা হয় চার লাখ টাকায়। এরপর গয়া থেকে শিশুকন্যাটিকে নিয়ে আসা হয় এরাজ্যে। শালিমার স্টেশনে শিশু-সহ ওই দম্পতি নামলেই তাদের ধরে ফেলেন সিআইডি আধিকারিকরা। তারপর থেকেই আন্তঃরাজ্য শিশুপাচার চক্রের পর্দাফাঁসের ঘটনায় একাধিক তথ্য উঠে আসছে সিআইডির হাতে। জানা যায় সোশাল মিডিয়ায় চাইল্ড অ্যাডাপশন গ্রুপ বলে একটি গ্রুপ খোলা হয়েছিল। তার মাধ্যমেই শিশু পাচার চক্র চালাত পাণ্ডারা। আর এবার শিশু বিক্রির চক্রের সঙ্গে বিদেশ যোগ থাকতে পারে বলে অনুমান তদন্তকারীদের। সিআইডি জানতে পেরেছে ধৃত মানিক কয়েকদিনের ব্যবধানে কঙ্গো ও মলদ্বীপে গিয়েছিল। প্রশ্ন উঠছে, কেন একাধিকবার বিদেশ ভ্রমণ? যদিও তদন্তকারীদের কাছে সে দাবি করেছে এসি মেকানিকের কাজে বিদেশ গিয়েছিল তারা। তদন্তকারীরা মনে করছেন, মূলত শিশু বিক্রি সংক্রান্ত ব্যাপারেই কথা বলার জন্য মানিক বিদেশে গিয়ে থাকতে পারে। সে ব্যাপারে নিশ্চিত হতে তদন্ত চালিয়ে যাচ্ছে সিআইডি।

মণিপুরে নতুন করে একাধিক জায়গায় আফস্পা জারি হল!

ইম্ফল, ১৪ নভেম্বরঃ গত বছর মে মাস থেকেই উত্তপ্ত মণিপুর। জাতি সংঘর্ষে ২০০-র বেশি মানুষের মৃত্যু হয়েছে। রাজ্যের নানা প্রান্ত থেকে এসেছে ধর্ষণ, মহিলাদের ওপর নির্যাতনের খবর। যদিও মাঝে বেশ কয়েক মাস কিছুটা শান্ত ছিল উত্তর-পূর্বের এই রাজ্য। কিন্তু আবার পরিস্থিতি উত্তপ্ত হয়েছে। এই অবস্থায় নতুন করে আরও একাধিক জায়গায় জারি করা হল আফস্পা। বৃহস্পতিবার থেকে রাজ্য জুড়ে ছ'টি থানা এলাকায় নতুন করে 'আর্মড ফোর্সেস স্পেশ্যাল পাওয়ার অ্যাক্ট' বা আফস্পা জারি করা হয়েছে। ইতিমধ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক একটি বিবৃতি দিয়েছে। তাতে উল্লেখ করা হয়েছে, সেকমাই, লামসাং, লামলাই, মইরাং, লেইমাখং এবং জিরিবাম থানা এলাকায় নতুন করে আফস্পা চালু করা হয়েছে।

পড়ুয়াদের ট্যাবের টাকা গায়েব, সিট গঠন করে তদন্ত শুরু কলকাতা পুলিশের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ নভেম্বরঃ রাজ্যের একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের ট্যাব কেনার জন্য দেওয়া অর্থের বেনিয়মের অভিযোগ উঠেছে। শিক্ষার্থীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছানোর কথা থাকলেও অভিযোগ উঠছে যে অনেক পড়ুয়ার অ্যাকাউন্টে টাকা ঢোকেনি বা অনেকের অ্যাকাউন্টে আবার দ্বিগুণ টাকা ঢুকে গেছে। কলকাতা থেকে শুরু করে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকেও একই ধরনের অভিযোগ জমা পড়েছে। এরই মধ্যে, কলকাতা পুলিশ এই ঘটনায় বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করে তদন্ত শুরু করেছে। রাজ্য সরকারের 'তরুণের স্বপ্ন' প্রকল্পের অধীনে এককালীন ১০ হাজার টাকা দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল। এই টাকা পড়ুয়াদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি জমা হওয়ার কথা ছিল, যাতে তাঁরা সহজে ট্যাব কেনার সুযোগ পান। কিন্তু পুজোর পর থেকেই অভিযোগ আসতে শুরু করে যে অনেক পড়ুয়া এই টাকা পাননি বা তাঁদের টাকা অন্যের অ্যাকাউন্টে চলে গেছে। প্রথমে পূর্ব বর্ধমান জেলা থেকে এই অভিযোগ উঠে আসে। তারপর অন্যান্য জেলার পাশাপাশি কলকাতা থেকেও অভিযোগ জমা পড়তে থাকে। কলকাতার বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা ট্যাবের টাকা না পাওয়ার অভিযোগ করেছেন। ইতিমধ্যে যাদবপুর, কসবা, বেনিয়াপুকুর, মানিকতলা, ওয়াটগঞ্জ, সরশুনা, জোড়াসাঁকো, গল্ফগ্রিন, এবং ভবানীপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। যাদবপুরের একটি স্কুলে ১২ জন এবং ঠাকুরপুকুরের এক স্কুলে ৩১ জন ছাত্রীর অ্যাকাউন্টে টাকা ঢোকেনি বলে অভিযোগ। কসবা, জোড়াসাঁকো, বেনিয়াপুকুর

এলাকায়ও একাধিক পড়ুয়া টাকা না পাওয়ার অভিযোগ করেছেন। বেশিরভাগ ক্ষেত্রেই অভিযোগ এসেছে যে এক ছাত্রের টাকা অন্য ছাত্রের অ্যাকাউন্টে চলে গেছে। এই ঘটনায় একাধিক সাইবার জালিয়াতির ধারণা তৈরি হচ্ছে। কৃষক, শ্রমিক, গৃহশিক্ষকসহ নানা শ্রেণির মানুষ এই জালিয়াতির সঙ্গে যুক্ত বলে সন্দেহ করা হচ্ছে। বিভিন্ন জেলা পুলিশ ইতিমধ্যে তদন্ত শুরু করেছে, এবং সম্প্রতি উত্তর দিনাজপুরের চোপড়া থেকে দু'জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে একজন কৃষক এবং অপরজন চা-শ্রমিক। তাঁদের নাম কৃষ্ণপদ বর্মণ এবং সরিফুল ইসলাম। এই দুই অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ তারা সাইবার ক্যাফে থেকে অবৈধভাবে পড়ুয়াদের অ্যাকাউন্টে টাকা সরানোর কাজ করছিল। কলকাতা পুলিশও এই ঘটনায় তৎপর হয়ে তদন্ত শুরু করেছে। পুলিশ বিভাগ জানতে পেরেছে যে, অভিযুক্তরা সাইবার ক্যাফে ব্যবহার করেই এই জালিয়াতির কাজ চালাচ্ছিল। বর্তমানে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের পক্ষ থেকে তদন্তে সহযোগিতা করতে সিট গঠন করা হয়েছে। যার মাধ্যমে শহরের বিভিন্ন স্কুলের ছাত্রদের টাকা কোথায় যাচ্ছে এবং এই চক্রে কারা কারা জড়িত তা খতিয়ে দেখা হবে। সিট গঠন করার পর পুলিশ ইতিমধ্যে কিছু গ্রেফতারি অভিযান চালিয়েছে। বুধবার সরশুনা এলাকার স্কুলের পড়ুয়াদের টাকার গায়েবের অভিযোগে, উত্তর দিনাজপুরের চোপড়া থেকে কৃষ্ণপদ বর্মণ এবং সরিফুল ইসলাম নামক দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, ওই দুই অভিযুক্ত সাইবার ক্যাফে থেকে টাকা সরানোর কাজ করত এবং তাদের মাধ্যমে নানা ছাত্রের অ্যাকাউন্টে টাকা ঢুকিয়ে দেওয়ার বদলে অন্য অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়। পুলিশের কাছে অভিযোগ জমা হওয়ার পর বিশেষজ্ঞ সাইবার তদন্ত দলও জড়িত ব্যক্তিদের ধরতে কাজ শুরু করে দিয়েছে। সিট গঠন হওয়ার পর কলকাতা পুলিশ বিভিন্ন সাইবার অপরাধ সংক্রান্ত তথ্য সংগ্রহ করছে এবং এর সঙ্গে যুক্ত অন্যান্য চক্রের সন্ধান করছে। পুলিশের তরফে জানানো হয়েছে, আগামী দিনে আরও গ্রেফতারি হতে পারে এবং পুরো ঘটনার তদন্ত শেষে এই জালিয়াতি চক্রের মধ্যে আরও কতজন অপরাধীকে শনাক্ত করা হবে। যত দিন যাচ্ছে, এই ট্যাব 'দুর্নীতি' প্রসঙ্গে নতুন নতুন তথ্য বেরিয়ে আসছে। সেইসঙ্গে প্রশ্ন উঠছে যে, রাজ্য সরকারের এই প্রকল্পের মাধ্যমে সুবিধাভোগীরা কতটা নিরাপদ। যদিও পুলিশ তপর কিন্তু পড়ুয়াদের টাকা ফেরত পাওয়া নিয়ে এখনও অনিশ্চয়তা রয়ে গেছে। এখন দেখার বিষয় সিট এবং সাইবার পুলিশ তদন্ত শেষ করে অপরাধীদের উপযুক্ত শাস্তি দিতে পারে কিনা।

ষাট বছরের পরে সুরক্ষা আর সম্মান
বৃদ্ধাবস্থায় আয় থেকে জীবন হবে আসান

আমাদের সরকারের লক্ষ্য প্রত্যেক ভারতীয় নাগরিককে অর্থনৈতিক সুরক্ষা প্রদান করা যাতে তারা সম্মান এবং খুশিতে জীবন কাটাতে পারে।
শ্রী নরেন্দ্র মোদি
মাননীয় প্রধানমন্ত্রী

৭ কোটি
সাবস্ক্রাইবার্স অটল পেনশন যোজনার সঙ্গে যুক্ত

আজই যুক্ত হোন এবং আজীবন গ্যারান্টিসহ পেনশন-এর সঙ্গে অন্য দুটি লাভও পান

1 ১০০০ টাকা বা ২০০০ টাকা বা ৩০০০ টাকা বা ৪০০০ টাকা অথবা ৫০০০ টাকা পর্যন্ত প্রতি মাসে পেনশন গ্যারান্টি
2 আজীবন, গ্রাহকের মৃত্যুর পর পত্নীকে সমান পেনশন
3 স্বামী/স্ত্রীর মৃত্যুর পরেই নমিনীকে ৬০ বছর আয়ু পর্যন্ত সঞ্চিত পেনশনের অর্থ ফেরত

যদি আপনার বয়স ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হয় তাহলে আপনি **অটল পেনশন যোজনার** সঙ্গে যুক্ত হতে পারেন।

আজই যুক্ত হোন, কম পে করুন	বয়স	পেনশন স্ল্যাব (টাকা)	প্রদেয় পরিমাণ (টাকা)	পেনশন স্ল্যাব (টাকা)	প্রদেয় পরিমাণ (টাকা)
	১৮	১০০০	৪২ প্রতি মাস	৫০০০	২১০ প্রতি মাস
	৪০	১০০০	২৯১ প্রতি মাস	৫০০০	১৪৫৪ প্রতি মাস

এপিওআই সম্বন্ধে বিশদ জানতে কিউআর কোন স্ক্যান করুন

আজই আপনার নিকটবর্তী ডাকঘর / ব্যাঙ্ক-এর সঙ্গে যোগাযোগ করুন অথবা ১৮০০ ১১০ ০৬৯-এর কল করুন বা www.pfrda.org.in দেখুন।

CBC 15113/15/0002/2425

সস্ত্রীক তিরুপতি বালাজি মন্দিরে পূজার্চনা কেজরির, সুখ ও সমৃদ্ধির জন্য করলেন প্রার্থনা

তিরুপতি, ১৪ নভেম্বর ঃ সস্ত্রীক অন্ধ্রপ্রদেশের তিরুপতি বালাজি মন্দিরে পুজো দিলেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির জাতীয় আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল। বৃহস্পতিবার সকালে যথোচিত ধর্মীয় মর্যাদায় তিরুপতি বালাজি মন্দিরে পুজো দেন কেজরিওয়াল ও তাঁর স্ত্রী সুনিতা কেজরিওয়াল।তিরুপতি বালাজি মন্দিরে পুজো দেওয়ার পর অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, আমি স্ত্রীর সঙ্গে তিরুপতি বালাজি মন্দিরে পুজো দিয়েছি। আমি সকলের মঙ্গল কামনা করেছি, আমাদের দেশের এবং বিশেষ করে দিল্লির সমৃদ্ধির জন্য প্রার্থনা করেছি।

পণ্ডিত নেহরুর জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি ঝাড়খণ্ডের রাজ্যপালের

রাঁচি, ১৪ নভেম্বর ঃ বৃহস্পতিবার ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ কুমার গাঙ্গওয়ার প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর জন্মবার্ষিকীতে শ্রদ্ধাজ্ঞাপন করেন। রাজভবনে জওহরলাল নেহরুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন সন্তোষ কুমার গাঙ্গওয়ার।উল্লেখ্য, বৃহস্পতিবার পণ্ডিত জওহরলাল নেহরুর ১৩৫তম জন্মবার্ষিকী। এদিন ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ কুমার গাঙ্গওয়ারের পাশাপাশি তাঁকে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কংগ্রেসের পক্ষ থেকেও দিল্লির শান্তিবনে নেহরুকে শ্রদ্ধা নিবেদন করা হয়।

রাজস্থানের পুলিশের গাড়িতে হামলা নির্দল প্রার্থীর সমর্থকের, ধৃত কমপক্ষে ৬০

টঙ্ক, ১৪ নভেম্বর ঃ রাজস্থানের টঙ্ক জেলার দেওলি উনাইরা বিধানসভা এলাকায় পুলিশের গাড়িতে হামলা চালাল নির্দল প্রার্থীর সমর্থকরা। বুধবার রাতে দেওলি উনাইরা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সম্রাবতা গ্রামে নির্দল প্রার্থী নরেশ মীনার অনুগামীরা পুলিশের গাড়িতে হামলা চালায়, পুলিশের গাড়িতে আগুনও ধরিয়ে দেয়। এমনকি পোলিং বুথে এসডিএম অমিত চৌধুরীকে শারীরিকভাবে নিগ্রহ করা হয় বলেও অভিযোগ। এই ঘটনায় মোট ৬০ জনকে পুলিশ গ্রেফতার করেছে।পুলিশ জানিয়েছে, নরেশ মীনা ও তার সমর্থকদের পুলিশ বিক্ষোভস্থল থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করলে এই ঘটনা ঘটে। আজমের পুলিশের মহাপরিদর্শক ওমপ্রকাশ বলেছেন, গ্রামে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে এবং নরেশ মীনা ও তার সমর্থকদের পুলিশ ঘিরে রেখেছে। অতিরিক্ত এসপি (টঙ্ক), ব্রিজেন্দ্র সিং ভাটি বলেছেন, আমরা ক্ষতি বিশ্লেষণ করছি। আমরা কয়েকজনকে গ্রেফতার করেছি। আমরা তাকে (নরেশ মীনা) খুঁজছি... আমরা পরে বিস্তারিত জানাব। বুধবার রাতের হিংসার প্রেক্ষিতে নিরাপত্তা বাড়ানো হয়েছে অনেকটাই।

বায়ুদূষণে ক্লান্ত দিল্লি-এনসিআর, রাজধানীতে যমুনার জল দূষিতই

নয়াদিল্লি, ১৪ নভেম্বর ঃ মাত্রাতিরিক্ত বায়ুদূষণ ও ধোঁয়াশায় ক্লান্ত হয়ে উঠেছে রাজধানী দিল্লি। বৃহস্পতিবারও রাজধানী দিল্লিতে বাতাসের গুণগতমান খারাপ পর্যায়েই থাকল। দিল্লি ছা।।ও এদিন সকালে ধোঁয়াশার চাদরে মোড়া থাকল উত্তর প্রদেশের বারাণসী, অযোধ্যাও। এদিন সকালেও দিল্লির আনন্দ বিহার, অক্ষরধাম, কর্তব্যপথ প্রভৃতি এলাকা ঘন ধোঁয়াশার চাদরে আচ্ছন্ন ছিল। আনন্দ বিহারে বাতাসের গুণগতমান রেকর্ড করা হয়েছে ৪৭৩।দিল্লিতে যমুনা নদীতে এখনও ভাসছে বিষাক্ত সাদা ফেনা। বৃহস্পতিবার সকালে দিল্লির কালিন্দী কুঞ্জ এলাকায় যমুনার জলে বিষাক্ত সাদা ফেনা ভেসে বেড়াতে দেখা যায়। সাদা ফেনায় কার্যত ঢেকে গিয়েছে যমুনা। যমুনা নদীতে দূষণের এই দৃশ্যে চিন্তিত পরিবেশবিদরা।

উন্নয়ন ও ঐতিহ্যকে একসাথে নিয়ে এগিয়ে যেতে আমরা দায়বদ্ধঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি(পিআইবি),১৪নভেম্বরঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইগাস উৎসব উপলক্ষ্যে আজ জন সাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন। উন্নয়ন ও ঐতিহ্যকে একসাথে নিয়ে এগিয়ে যেতে ভারত দায়বদ্ধ বলে মন্তব্য করেছেন তিনি। বিশেষত উত্তরাখণ্ডের জনসাধারণকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী ইগাস উৎসবের পরম্পরায় আস্থা প্রকাশ করে বলেন, দেবভূমি আগামীদিনে আরও বিকশিত হবে। এক্স হ্যান্ডেলে একগুচ্ছ পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন ঃউত্তরাখণ্ডে আমার পরিবার-পরিজনের সঙ্গে সমস্ত দেশবাসীকে ইগাস উৎসব উপলক্ষ্যে অনেক অনেক শুভেচ্ছা ! দিল্লিতে আজ উত্তরাখণ্ডের সাংসদ অনিল বলুনি আয়োজিত ইগাস উৎসবে যোগ দেওয়ার সৌভাগ্য হয়েছে আমার। প্রার্থনা করি এই পবিত্র উৎসব সকলের জীবনে সুখ-সমৃদ্ধি নিয়ে আসুক এবং জীবনকে খুশিতে ভরিয়ে তুলুকanilbaluni।আমরা উন্নয়ন এবং ঐতিহ্যকে নিয়ে একসাথে এগিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ। আমি আনন্দিত যে লুপ্তপ্রায় লোকসংস্কৃতির সঙ্গে যুক্ত ইগাস উৎসব পুনরায় উত্তরাখণ্ডে আমার পরিবার-পরিজনের আস্থার কেন্দ্র হয়ে উঠেছে।উত্তরাখণ্ডে আমার ভাই-বোনেরা ইগাস উৎসবের ঐতিহ্য ও পরম্পরাকে যেভাবে জাগ্রত রূপ দিয়েছে তা অত্যন্ত আশাব্যাঞ্জক। দেশ জুড়ে এই উৎসবের উদযাপন এই উৎসবের শক্তির এক প্রত্যক্ষ প্রমাণ স্বরূপ। আমার বিশ্বাস, দেবভূমিতে এই উৎসবের পরম্পরা আরও বিকশিত হয়ে উঠবে।

ত্রিপুরাকে ড্রাগস মুক্ত করতে জেলা শাসককে ডেপুটেশন দিল মহিলা সংগ্রাম পরিষদ

আগরতলা, ১৪ নভেম্বর ঃ ত্রিপুরাকে ড্রাগস মুক্ত করতে রাজ্য সরকারকে জরুরী ভিত্তিতে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এস সি, এস টি, ওবিসি,ও সংখ্যালঘু নিগম থেকে যারা শিক্ষা ঋণ সহ বিভিন্ন ধরনের ঋণ নিয়েছে তাদের ঋণ মুকুব করতে হবে। এই সমস্ত দাবি নিয়ে. মঙ্গলবার ত্রিপুরা মহিলা সংগ্রাম পরিষদ পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির পক্ষ থেকে জেলা শাসকের নিকট ডেপোটেশন প্রদান করা হয়।এদিনের ডেপুটেশনের নেতৃত্বে ছিলেন ত্রিপুরা মহিলা সংগ্রাম পরিষদের সম্পাদিকা রাবিয়া খাতুন। ডিপোটেশন শেষে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে তিনি জানান ২০১৮ সালে তৎকালীন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এবং ২০২৩ সালে মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা মুখ্যমন্ত্রী পদে বসেই রাজ্যবাসীকে নেশামুক্ত রিপুরা উপহার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। বর্তমান মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহার নির্দেশে নেশা কারবারিদের ঠেকাতে রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্সও গঠন করা হয়। তারপরও রাজ্যে সর্বনাশা ড্রাগসের অবৈধ বানিজ্য চলছেই। উল্টো দিনকে দিন ড্রাগসের বানিজ্য শহর, শহরতলী, গ্রাম পাহাড় সর্বত্র ছেয়ে গেছে। স্কুল কলেজের ছাত্র ছাত্রী থেকে শুরু করে যুবক যুবতীদের একটা বড় অংশ প্রতিনিয়ত ড্রাগসে আসক্ত হচ্ছে। অর্থাৎ গোটা রাজ্য ক্রমশ ড্রাগসের কবলে চলে যাচ্ছে। ড্রাগস নিতে গিয়ে রাজ্যে এইডস রুগীর সংখ্যাও বাড়ছে প্রতিনিয়ত। রাবিয়া খাতুন আরও বলেন, শহরের নন্দননগর মসজিদ পাড়া থেকে শুরু করে বৃহত্তর আগরতলায় ড্রাগস আসক্তির কারণে বিশাল সংখ্যায় যুবক যুবতীরা বিপর্যয়ের মুখে। একাংশ স্বার্থান্বেষীরা টাকা পয়সার লোভে ড্রাগস বিক্রি করে সমাজের বিপর্যয় ডেকে আনছে। পরিতাপের বিষয় হল, এই বিপর্যয় ঠেকাতে প্রশাসনিক তৎপরতা কিংবা নেশা কারবারিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহন করা হচ্ছে না। তাই মুখ্যমন্ত্রী যেন এই দাবিগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন তার দাবি রাখেন ত্রিপুরা মহিলা সংগ্রাম পরিষদের সম্পাদিকা রাবিয়া খাতুন।

জমির রেকর্ড করিয়ে দেওয়ার নাম করে টাকা চাওয়ার অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে

দুরন্তবার্তা,দক্ষিণদিনাজপুরঃজমির রেকর্ড করিয়ে দেওয়ার নাম করে টাকা চাওয়ার অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে। সেই অডিও ক্লিপ ভাইরাল সোস্যাল মিডিয়ায়। যা নিয়ে জেলাজুড়ে শুরু হয়েছে ব্যাপক শোরগোল। পাশাপাশি , বালুরঘাটের সাংসদ তথা বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনায় তৃণমূল ভনেতাদের কাটমানির অভিযোগ তুলে ওই অডিও ক্লিপ তার এক্স হ্যান্ডেলে প্রকাশ করেছেন। যদিও সেই অডিও ক্লিপের সত্যতা যাচাই করেনি সংবাদ মাধ্যম।প্রসঙ্গত, দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর ব্লকের বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি সাহেব সরকারের বিরুদ্ধে জমির রেকর্ড করিয়ে দেবার নামে টাকা চাওয়ার একটি অডিও ক্লিপ সামাজিক মাধ্যমে ভাইরাল। এদিন সুকান্ত মজুমদারের এক্স হ্যান্ডেলে তা প্রকাশ করে সরব হয়েছেন বিজেপি রাজ্য সভাপতি।এনিয়ে তীব্র চাঞ্চল্য তৈরি হয়েছে জেলার রাজনৈতিক মহলে।বিজেপি জেলা সভাপতি স্বরূপ চৌধুরী জানান, তৃণমূল কংগ্রেস একটি দূর্নীতিগ্রস্ত দল। নেতা কর্মীরা বেশীরভাগ তোলাবাজ। টাকার বিনিময়ে একজনের জমি অন্যের নামে রেকর্ড করার চক্রান্তের বিষয়টি প্রশাসনের তদন্ত করে দেখা উচিত।ভতৃণমূলের জেলা সহ সভাপতি সুভাষ চাকী জানান, এই ধরনের ঘটনা দলের জেলা নেতৃত্বর কাছে এসেছে। কেউ যদি আইনগত ভাবে তদন্তের দাবি করে থাকেন, তবে আইন আইনের পথে চলবে। তবে বিষয়টি তদন্ত সাপেক্ষ। দল অডিও ক্লিপ এর সত্যতা আছে কিনা তাও খতিয়ে দেখবে।অডিও ক্লিপের কথোপকথনে কোনো জমির রেকর্ডের সমস্যার বিষয় উঠে আসে। সেই সমস্যা দূর করতেই টাকা চাওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে। কথোপকথনের একটি কন্ঠ স্বর গঙ্গারামপুর ব্লকের বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি সাহেব সরকারের বলে সামাজিক মাধ্যমে দাবী করা হয়েছে। যদিও এই অডিও ক্লিপ ভাইরাল হবার পর বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের অঞ্চল তৃণমূল সভাপতি সাহেব সরকার তার নিজের ফেসবুক প্রোফাইলে একটি ভিডিও পোস্ট করেন। সেই ভিডিওতে তিনি দাবি করেন, এআই টেকনোলজি ব্যবহার করে তার বিরুদ্ধে কুসা ছড়াতে এই কাজ করা হয়েছে বলে তিনি জানান।

রাস উৎসব উপলক্ষে আগরতলায় রাধামাধব সেবা মন্দিরে জোর প্রস্তুতি

আগরতলা, ১৪ নভেম্বর ঃ প্রতি বছরের ন্যায় এ বছরও মহা সমারোহে অনুষ্ঠিত হতে চলেছে মনিপুরী সম্প্রদায়ের অন্যতম প্রধান উৎসব রাস। রাজধানী আগরতলায় মূল অনুষ্ঠানটি হবে রাধানগরস্থিত রাধামাধব সেবা মন্দিরে। এই উপলক্ষে রাধানগরস্থিত রাধামাধব সেবা মন্দিরে চলছে জোর প্রস্তুতি।প্রসঙ্গত মণিপুরের মহারাজা ভাগ্যচন্দ্র স্বপ্ন দেখে নৃত্যগীতে যে প্রার্থনার শুরু করেছিলেন সেটাই রাস উৎসব। ভাগ্যচন্দ্রের পরবর্তী রাজাদের বেশির ভাগই ছিলেন নৃত্যগীতে পারদর্শী এবং তারা নিজেরাও রাসনৃত্যে অংশ নিতেন। সেই ধারাবাহিকতায় উদ্যাপিত হয়ে আসছে রাস উৎসব। বর্নাঢ্যে আয়োজন, মৃদঙ্গ, করতাল ও শঙ্খধ্বনির মধ্য দিয়ে রাধাকৃষ্ণের লীলা ও শ্রীকৃষ্ণ কীর্তন ঘিরে এই দিনটি সকলের উৎসব হয়ে ওঠে।কার্তিক মাসের পূর্ণিমাতিথিতে মণিপুরিদের প্রধান ধর্মীয় মহোসব শ্রীকৃষ্ণের মহারাসলীলার আয়োজন করা হয়। মণিপুরি শিল্পীরা এদিন রাতভর শ্রীকৃষ্ণের মহারাসলীলা পরিবেশনের মাধ্যমে দর্শকদের বিমোহিত করে রাখেন। আকাশে যখন সূর্যের আলো দেখা দেয় তখন এই উৎসবের সম্পত্তি ঘটে।

এ বার কমিশনের তল্লাশি খাড়গের কপ্টারে

নাসিক, ১৪ নভেম্বর ঃ শিবসেনা (ইউবিটি) প্রধান উদ্ধব ঠাকরে, কেন্দ্রীয় মন্ত্রী নিতিন গডকড়ির, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের পরে এ বার নির্বাচন কমিশনের নিশানায় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। বৃহস্পতিবার মহারাষ্ট্রের নাসিকে ভোট-প্রচারে যাওয়ার সময় খাড়গের হেলিকপ্টারে তল্লাশি করেন কমিশনের আধিকারিকরা।কংগ্রেস

ডায়াবেটিসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ার আহ্বান ওড়িশার মুখ্যমন্ত্রীর

ভুবনেশ্বর, ১৪ নভেম্বর ঃ বৃহস্পতিবার বিশ্ব ডায়াবেটিস দিবস। এদিন দেশের নাগরিকদের ডায়াবেটিস অর্থাৎ মধুমেহ রোগের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি।স্বাস্থ্যকর ভবিষ্যত গড়ে তোলার প্রসঙ্গ উল্লেখ করে এদিন মোহন চরণ মাঝি নিজের সোশ্যাল মিডিয়া পোস্টে লেখেন, আসুন এই বিশ্ব ডায়াবেটিস দিবসে আমরা ডায়াবেটিসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলি। সচেতনতা এবং স্বাস্থ্যকর জীবনধারাকে বেছে নিয়ে আমরা ডায়াবেটিসের বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারি। এক সঙ্গে চেষ্টা করলে সকলের জন্য একটি স্বাস্থ্যকর ভবিষ্যত গড়ে তুলতে পারবো।

বিধানসভায় নেহরুর জন্মবার্ষিকী পালিত শ্রদ্ধাঞ্জলি অধ্যক্ষ ও মন্ত্রীর

বৃহস্পতিবার বিধানসভার লবিতে ১৩৫ তম জন্ম বার্ষিকীতে নেহরুর প্রতিকৃতিতে মাল্যদান করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। **ছবি -অনিকেত নস্কর।**

কলকাতা, ১৪ নভেম্বর ঃ পশ্চিমবঙ্গ বিধানসভায় বৃহস্পতিবার যথাযোগ্য মর্যাদার সঙ্গে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে স্মরণ করা হয়েছে। ১৩৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে বিধানসভার লবিতে এদিন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এক অনাড়ম্বর অনুষ্ঠানে নেহরুর প্রতিকৃতিতে মাল্যদান করেন। এছাড়াও পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় পুষ্পার্ঘ্য অর্পণ করেন। উভয়েই ব্যক্তিগতভাবে এরপর নেহরু সম্পর্কে স্মৃতিচারণ করেন। সেইসঙ্গে বিধানসভার সচিবালয়ের কর্মীবৃন্দরা উপস্থিত ছিলেন। সরকারি আধিকারিক এবং বিভিন্ন বিভাগের কর্মচারীবৃন্দও দেশের প্রথম প্রধানমন্ত্রীর জন্মজয়ন্তীতে তাঁর প্রতি পুষ্পাঞ্জলি নিবেদন করেন।

ত্রিপুরা সরকারের আগ্রহের অভাবেই কর্মচারীদের ডিএ পরিষ্কার হচ্ছে নাঃমানিক সরকার

আগরতলা, ১৪নভেম্বর ঃ ত্রিপুরা সরকারের দুর্বলতা, ত্রুটি এবং আগ্রহের অভাবের কারণে ডিএ নিয়ে কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও রাজ্য সরকারের কর্মচারীদের মধ্যে পার্থক্য রয়েছে। গত বৃহস্পতিবার এমনটাই অভিযোগ করলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিআইএম পলিটব্যুরোর সদস্য মানিক সরকার। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে টাকা এনে রাজ্য সরকারের কর্মচারীদের ডিএ মিটিয়ে দেওয়া উচিত।সম্প্রতি কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় কর্মচারীদের জন্য ৩ শতাংশ ডিএ মঞ্জুর করেছে। এর ফলে কেন্দ্রীয় সরকারের কর্মচারী এবং রাজ্য সরকারের কর্মচারীদের মধ্যে ডিএ'র পার্থক্য বেড়ে দাঁড়ায়. ২৮ শতাংশ । এর কিছুদিনের মধ্যেই রাজ্য সরকার কর্মচারীদের জন্য পাঁচ শতাংশ ডিএ ঘোষণা দেয়। ফলে কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের মধ্যে ডিএ'র পার্থক্য কমে দাঁড়িয়েছে ২৩ শতাংশে। কিন্তু খুশি নন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিআইএম পলিটব্যুরোর সদস্য মানিক সরকার ।ঐদিন বৃহস্পতিবার ডিএ প্রসঙ্গে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার জানান, পূর্বতন সরকারের আমলে রাজ্যের সরকারি কর্মচারীদের জন্য পুরো ডিএ প্রদান করতে না পারলেও বছরের দু'বার করে ডিএ প্রদান করা হত। এর লক্ষ্য ছিল রাজ্যের সরকারি কর্মচারীদের ডিএ প্রাপ্তি নিয়ে কেন্দ্রীয় সরকারের সমপর্যায়ে নিয়ে যাওয়া। কিন্তু বর্তমানে এই সুবিধা বন্ধ হয়ে গেছে।এদিন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আরো জানান, রাজ্যে বর্তমানে ত্রিপল ইঞ্জিনের সরকার চলছে। সুতরাং টাকার কোন অভাব নেই। এই ক্ষেত্রে কর্মচারীদের ডিএ জমিয়ে রাখা উচিত নয়। তিনি বলেন, চাপ সৃষ্টি করে কেন্দ্রের কাছ থেকে টাকা এনে রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ পরিষ্কার করে দেওয়া উচিত। এতে সবাই খুশি থাকবেন। বাণিজ্যে এর ইতিবাচক প্রভাব পড়বে। এই ক্ষেত্রে প্রাক্তন মুখ্যমন্ত্রীর অভিযোগ, রাজ্য সরকারের দুর্বলতা, ত্রুটি এবং আগ্রহের অভাবের কারণেই এটা সম্ভব হচ্ছে না।

আজ টেনিস তারকা সানিয়া মির্জার জন্মদিন, ভারতকে গর্বিত করেছেন বিশ্বে



নয়াদিল্লি, ১৪ নভেম্বর ঃ ভারতের সবচেয়ে সফল মহিলা টেনিস খেলোয়ার সানিয়া মির্জা। তিনি তার আশ্চর্যজনক ক্রীড়া প্রতিভার জোরে অনেক পদক জিতেছেন এবং সারা বিশ্বে ভারতকে গর্বিত করেছেন। সানিয়া একক এবং ডাবল টেনিস খেলার সেরা খেলোয়াড় হিসেবে অনেক চ্যাম্পিয়নসে জিতেছেন এবং নিজেকে ভারতের সেরা খেলোয়ার হিসেবে এক নম্বরে রেখেছেন। সানিয়া ১৯৮৬ সালের ১৫ নভেম্বর মহারাষ্ট্রের একজন ক্রীড়া সাংবাদিক ইমরান মির্জা এবং নাসিমার ঘরে জন্মগ্রহণ করেনড সানিয়ার জন্মের পরপরই তার পরিবার হায়দরাবাদ চলে যায়। ছ'বছর বয়সে টেনিস খেলা শুরু করেন সানিয়া। প্রাথমিকভাবে সানিয়া তার বাবার কাছ থেকে প্রশিক্ষণ নেন এবং পরে সানিয়া রোজার অ্যান্ডারসনের কাছে প্রশিক্ষণ নেনড সানিয়া পরে সিনেট অ্যাকাডেমি সেকেন্দ্রবাদ এবং আমেরিকার এস টেনিস একাডেমির মতন প্রতিষ্ঠান থেকে টেনিসের প্রশিক্ষণ নেন। সানিয়া একজন ভালো টেনিস খেলোয়াড়ের পাশাপাশি একজন দক্ষ সাঁতারুও ছিলেন।সানিয়া জাকার্তায় ১৯৯৯ সালে তার ক্যারিয়ারের প্রথম আন্তর্জাতিক টুর্নামেন্ট খেলেন এবং বিশ্ব জুনিয়ার চ্যাম্পিয়নশিপে দুর্দান্তভাবে ভারতের প্রতিনিধিত্ব করেন। সানিয়া মির্জাকে শুধু ভারতেই নয় বিশ্বের অন্যতম সেরা টেনিস খেলোয়াড় ছিলেনড টেনিস খেলোয়ার হিসেবে তার চমকার আশ্চর্যজনক ক্রীড়া প্রতিভার কারণে তিনি অনেক পুরস্কারেও ভূষিত হয়েছেন। ভারত সরকার তাকে ২০০৪ সালে অর্জুন পুরস্কার,২০০৬ সালে পদ্মশ্রী ও ২০১৫ সালে রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কারের ভূষিত করেন।২০১৪ সালে তেলেঙ্গানা সরকার সানিয়া মির্জাকে তার রাজ্যের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত করেছিল। ২০১৬ সালের সানিয়া মির্জা টাইম ম্যাগাজিনের ১০০ সবচেয়ে অনুপ্রেরণামূলক ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্ত হয়েছিলেন। এই বছরেই সানিয়া ভারতের তৃতীয় সর্বোচ্চ সম্মান পদ্মভূষণে ভূষিত হন। আর এই বছরেই সানিয়া 'বর্ষের এনআরআই' পুরস্কারে ভূষিত হন।

জন্মজয়ন্তীতে নেহরুকে শ্রদ্ধাঞ্জলি প্রধানমন্ত্রীর, শ্রদ্ধা নিবেদন প্রিয়াঙ্কার

নয়াদিল্লি, ১৪ নভেম্বর ঃপ্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুকে তাঁর জন্মজয়ন্তীতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর ১৩৫-তম জন্মবার্ষিকী। এদিন সকালে নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, জন্মজয়ন্তীতে আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুকে শ্রদ্ধার্ঘ্য।কংগ্রেসের পক্ষ থেকেও যথোচিত মর্যাদায় পণ্ডিত জওহরলাল নেহরুর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। দিল্লিতে শান্তি ভান-এ পণ্ডিত জওহরলাল নেহরুকে শ্রদ্ধা নিবেদন করেছেন কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী ভড়রা ও অন্যান্য কংগ্রেস নেতারা। জওহরলাল নেহরুকে শ্রদ্ধা নিবেদন করেছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, কংগ্রেস নেতা রাহুল গান্ধী প্রমুখও।

শুক্রবার বিহারের জামুই যাচ্ছেন প্রধানমন্ত্রী, রয়েছে একগুচ্ছ কর্মসূচি

নয়াদিল্লি, ১৪ নভেম্বর ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার জনজাতীয় গৌরব দিবস উদযাপন অনুষ্ঠানে অংশ নিতে বিহারের জামুই যাচ্ছেন। ভগবান বিরসা মুণ্ডার ১৫০-তম জন্মবার্ষিকী বর্ষ উদযাপনের সূচনাকে স্মরণ করে দিনটি উদযাপন করা হবে। শুক্রবার সকালে প্রধানমন্ত্রী মোদী ভগবান বিরসা মুণ্ডার স্মরণে একটি স্মারক মুদ্রা এবং পোস্টাল স্ট্যাম্প উন্মোচন করবেন।তিনি এই অঞ্চলের গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন এবং পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে ৬,৬৪০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

ঝাড়খণ্ডে এবার পদ্মই ফুটবে, আশাবাদী অনুরাগ ঠাকুর

রাঁচি, ১৪ নভেম্বর ঃ ঝাড়খণ্ডে এবার পদ্মই ফুটবে, আশাবাদী প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। ঝাড়খণ্ডে প্রথম দফার নির্বাচন প্রসঙ্গে বৃহস্পতিবার অনুরাগ ঠাকুর বলেছেন, গতকাল ঝাড়খণ্ডে পরিবর্তনের পক্ষে ভোট দেওয়া সমস্ত ভোটারদের আমি ধন্যবাদ জানাতে চাই। তাঁরা নিজেদের অপশাসন থেকে মুক্ত করে বিজেপি সরকার আনতে ভোট দিয়েছেন।এদিন সকালে রাঁচিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অনুরাগ সিং ঠাকুর আরও বলেছেন, ১৩ নভেম্বরের কাজ শেষ হয়েছে এবং বাকি কাজ ২০ নভেম্বর সমাপ্ত হবে। ঝাড়খণ্ডে পদ্ম ফুটবে। উল্লেখ্য, ঝাড়খণ্ডে দ্বিতীয় দফার ভোটগ্রহণ হবে আগামী ২০ নভেম্বর, ফল ঘোষণা ২৩ নভেম্বর।

গুরু নানকের জন্মদিনে কম থাকবে মেট্রো পরিষেবা, সময়সূচিতে বদল নেই

কলকাতা, ১৪ নভেম্বর ঃ গুরু নানকের জন্মদিন উপলক্ষ্যে শুক্রবার কলকাতায় জোড়া মেট্রো রুটে কমবে পরিষেবা। কবি সুভাষ-দক্ষিণেশ্বর করিডরে আজ(বুধবার) সারাদিনে ৫২টি মেট্রো পরিষেবা কম পাবেন যাত্রীরা। অন্যদিকে, শিয়ালদহ-সল্টলেক সেক্টর ফাইভ পথে শুক্রবার কমবে ১৬টি মেট্রো। শুক্রবার শিখ ধর্মগুরুর জন্মদিনে জাতীয় ছুটি থাকে। সেই অনুযায়ী অফিস থেকে শিক্ষা প্রতিষ্ঠান সর্বত্র ছুটি পালিত হবে। স্বভাবতই অন্যান্য কাজের দিনের তুলনায় আজ (শুক্রবার) রাজপথে নিত্যযাত্রীদের ভিড় কম থাকবে। সে কথা মাথায় রেখে মেট্রো পরিষেবার সংখ্যায় কাটছাঁট করতে চলেছে রেল কর্তৃপক্ষ।জানা গিয়েছে, সপ্তাহের অন্যান্য কাজের দিনগুলিতে নর্থ-সাউথ করিডরে গোটা দিনে ২৮৮টি মেট্রো চলে। শুক্রবার তা কমে হবে ২৩৬টি। যদিও সময়সূচিতে কোনও বদল আসেনি। দিনের প্রথম মেট্রো কবি সুভাষ ও দক্ষিণেশ্বর থেকে ছাড়বে যথাক্রমে সকাল ৬টা ৫০ মিনিট এবং সকাল ৭টায়। দিনের শেষ মেট্রো সংশ্লিষ্ট দুই প্রান্তিক স্টেশন থেকে যাত্রা করবে যথাক্রমে রাত ৯টা ২৮ মিনিট এবং রাত সা।৫ ৯টায়। অন্যদিকে, ইস্ট-ওয়েস্ট মেট্রোর অধীনে থাকা শিয়ালদহ-সল্টলেক সেক্টর ফাইভ রুটে অন্যান্য দিনে ১০৬টি পরিষেবা পাওয়া যায়। কাল তা কমে হবে ৯০টি। দিনের প্রথম মেট্রো শিয়ালদহ ও সেক্টর ফাইভ থেকে যাত্রী নিয়ে গন্তব্যের উদ্দেশে রওনা দেবে যথাক্রমে সকাল ৬টা ৫৫ মিনিট এবং ৭টা ৫ মিনিটে। দিনের শেষ মেট্রো পরিষেবা সংশ্লিষ্ট প্রান্তিক স্টেশন থেকে ছাড়বে যথাক্রমে রাত ৯টা ৩৫ মিনিট এবং রাত ৯টা ৪০ মিনিটে।

বাঁকুড়া জেলার মদনমোহনপুর প্রাথমিক বিদ্যালয়ে শিশু দিবস পালন

দুরন্তবার্তা, বাঁকুড়াঃবাঁকুড়া জেলা প্রাথমিক বিদ্যালয .সংসদের অধীন ওন্দা দক্ষিণ চক্রের অন্তর্গত শিশু মিত্র পুরস্কার প্রাপ্ত মদনমোহনপুর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বিপুল উসাহ উদ্দীপনার মধ্য দিয়ে শিশু দিবস পালন করা হচ্ছে। সর্ব প্রথম বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক-শিক্ষিকা জওহরলাল নেহরুর ফটোতে ফুল ও মালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা জওহরলাল নেহুরুর ফটোতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাননীয় মধুসূদন দে মহাশয় জানান যে, ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহরুর জন্মবার্ষিকী স্মরণে প্রতিবছর আমাদের বিদ্যালয়ে ১৪ ই নভেম্বর শিশু দিবস পালন করা হয়। এই দিন আমরা শিশুদের নিরাপত্তা, শিশুদের অধিকার ,শিক্ষা এবং কল্যাণ সম্পর্কে সচেতনতা বাড়াতে বিদ্যালয়ে শিশু দিবস পালন করি।সহকারী শিক্ষিকা দেবলীনা ঘোষাল মহাশয়া শিশুদের শোষণ থেকে সুরক্ষার অধিকার বিষয়ে আলোকপাত করেন। এছাড়া শিশু দিবস উপলক্ষ্যে -বিদ্যালয়ে একটি ট্যালেন্ট শো এর আয়োজন করা হয়। বিদ্যালয়ের কচিকাঁচা শিশুরা নাচ, গান, আবৃত্তির মাধ্যমে নিজেদের প্রকাশ করে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

২৮ কার্ত্তিক ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার, ইংরেজীঃ১৪ নভেম্বর ২০২৪, ৫৩৮ চৈতন্যাব্দ, কলিঃ ৫১২৫, সৌরঃ২৯ কার্ত্তিক, চান্দ্রঃ ১৩ কেশব মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সম্বৎ, ২৫৬৮ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২৯ কার্ত্তিক ১৪৩১, ভারতীয় সিভিলঃ২৩ কার্ত্তিক ১৯৪৬,মৈতেঃ ১৩ হিয়াঙ্গে, আসামঃ ২৮ কাতি, মুসলিমঃ১২-জমাদিউল-আউয়াল-১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৫ঃ৫১ঃ ১৩ এবং অস্তঃবিকাল ০৪ঃ৫০ঃ ১৫।চন্দ্র উদয়ঃবিকাল ০৩ঃ৩২ঃ ২৬(১৪) এবং অস্তঃশেষ রাত্রি ০৪ঃ ৫৫ঃ৩৯(১৫)।শুক্ল পক্ষ ।তিথিঃ চতুর্দশী (রিক্তা) শেষ রাত্রি ঘ ০৫ ২৭ঃ৩৮ দং ৫৮৫১২.৫ পর্যন্ত পরে পর্বনক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ১৬ঃ ৫৬ দং ৪৬২২৭.৫ পর্যন্ত পরে ভরণীকরণঃবণিজ রাত্রিঃ০৬ঃ৩৮ঃ২৮ দং ৩১৫৫২২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃসিদ্ধি সকাল ঘ ১১ঃ২৬ঃ ৩৩ দং ১৩৫৮৫ পর্যন্ত পরে ব্যতীপাতঅমৃতযোগঃদিন ০৫ঃ৫১ঃ ১৯ থেকে - ০৭ঃ১৯ঃ১১ পর্যন্ত, তারপর ০১ঃ১০ঃ৪০ থেকে - ০২ঃ ৩৮ঃ৩২ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ৪২ঃ ২৪ থেকে - ০৯ঃ১০ঃ৪০ পর্যন্ত, তারপর ১১ঃ৪৬ঃ৫২ থেকে - ০৩ঃ ১৫ঃ০৭ পর্যন্ত, তারপর ০৪ঃ০৭ঃ১১ থেকে - ০৫ঃ৫১ঃ১৯ পর্যন্ত। কুলিকবেলাঃদিন ০৯ঃ৩০ঃ৫৯ থেকে - ১০ঃ১৪ঃ৫৫ পর্যন্ত।কুলিকরাত্রিঃ ০৮ঃ১৮ঃ৩৬ থেকে - ০৯ঃ১০ঃ৪০ পর্যন্ত। কালবেলাঃদিন ০২ঃ০৫ঃ৩৫ থেকে - ০৩ঃ২৭ঃ৫৮ পর্যন্ত। বারবেলাঃদিন ০৩ঃ২৭ঃ৫৮ থেকে - ০৪ঃ৫০ঃ২০ পর্যন্ত।কালরাত্রিঃ১১ঃ ২০ঃ৫০ থেকে - ১২ঃ৫৮ঃ২৭ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৬২৮২১৪২ (১৬) ৩ পদচন্দ্রঃ ০১৫৩৬৫৮ (২) ১ পদমঙ্গলঃ ৩৬৫৩১৭ (৮) ২ পদবুধঃ ৭১৯৫৩২৫ (১৮) ১ পদবৃহস্পতিঃ ১২৬৬২৫ (৫) ১ পদশুক্রঃ৮৯৭৩৮ (১৯) ৩ পদশনিঃ১০১৫১১৫৫ (২৪) ৩ পদরাহুঃ১১১২৪২৮ (২৬) ৩ পদকেতুঃ৫১২৪২৮ (১৩) ১ পদবৃহস্পতি বক্রি।লগ্নঃতুলা রাশি সকাল ০৬ঃ০১ঃ৫৪ পর্যন্ত। বৃশ্চিক রাশি সকাল ০৮ঃ১৭ঃ৩৯ পর্যন্ত। ধনু রাশি সকাল ১০ঃ২২ঃ৫৭ পর্যন্ত। মকর রাশি সকাল ১২ঃ০৯ঃ৫০ পর্যন্ত। কুম্ভ রাশি দুপুর ০১ঃ৪৩ঃ১৪ পর্যন্ত। মীন রাশি দুপুর ০৩ঃ১৪ঃ১৭ পর্যন্ত। মেষ রাশি বিকাল ০৪ঃ৫৪ঃ ৫১ পর্যন্ত। বৃষ রাশি বিকাল ০৬ঃ ৫৩ঃ১৪ পর্যন্ত। মিথুন রাশি রাত্র ০৯ঃ০৬ঃ৩৫ পর্যন্ত। কর্কট রাশি রাত্র ১১ঃ২২ঃ১৭ পর্যন্ত। সিংহ রাশি শেষ রাত্রি ০১ঃ৩৩ঃ৩৮ পর্যন্ত। কন্যা রাশি শেষ রাত্রি ০৩ঃ৪৩ঃ৪৯ পর্যন্ত।

আবহাওয়া

রাজ্য থেকে বিদায় নিয়েছে মৌসুমি বায়ু।কলকাতা-সহ দক্ষিণবঙ্গে অধিকাংশ জেলায় এখনই জাঁকিয়ে শীতের সম্ভাবনা নেই। তবে, শীঘ্রই তাপমাত্রা হ্রাসের সম্ভাবনা রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.১ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন ২২.৩ডিগ্রি সেলসিয়াস। আপেক্ষিক আর্দ্রতা ৯২শতকরা এবং ৪৯ শতকরা। জোয়ার-সকাল ৭ টা ৪৫ মিনিট এবং রাত ০৮টা ৪৫ মিনিট। ভাটা-সকাল ৭ টা ৪৫মিনিট এবং রাত ২ টা ৪৫মিনিট। সূর্যঃউদয় সকাল ৫টা ৪৯ মিনিট এবং অস্ত ৪টা ৪৭মিনিট

রাশিফল

মেষ রাশিঃ পারিবারিক সমস্যা মেটানোর জন্য স্ত্রীর সাহায্যে কাজের সন্ধান পাবেন। শুভদিন।
বৃষ রাশিঃসৃষ্টিশীল কাজে আপনার মেধার বিকাশে নাম ও যশ বৃদ্ধি পাবে। ঔষধ, লৌহ ও বস্ত্র ব্যবসায়ীর জন্য সুখবর থাকবে।
মিথুন রাশিঃ ফাটকা ব্যবসায়ে ভালো অর্থ হাতে আসতে পারে।
কর্কট রাশিঃরাজনীতিবিদরা সাংগঠনিক কাজে সুফল পেতে পারেন। বিবাহের যোগ হবে আজ।
সিংহ রাশিঃ অবিবাহিতরা প্রেমের প্রস্তাব পেতে পারেন। সংসারে শান্তি
কন্যা রাশিঃবয়ঃসন্ধির সন্তানদের হাতে অতিরিক্ত অর্থ দেবেন না।।
তুলা রাশিঃকর্মক্ষেত্রে গোলযোগের জন্য সংস্থা পরিবর্তন করতে হতে পারে। শ্বশুরকুল থেকে হঠা কিছু সম্পত্তি হাতে আসতে পারে।
বৃশ্চিক রাশিঃ সন্তান পড়াশোনায় অমনোযোগী হলেও পরীক্ষার ফল ভালোই হবে। ছোট ব্যবসায়ীরা আশানুরূপ উন্নতির সুযোগ পাবেন।
ধনু রাশিঃচাকরিস্থানে আরও ভালো খবর আশা করতে পারেন। খাওয়া-দাওয়ার ব্যাপারে সাবধানে থাকুন। আর্থিক উন্নতি হবে আজ
মকর রাশিঃ ব্যবসায়ীরা প্রতিবেশী ব্যবসায়ীর সঙ্গে বন্ধুত্বপূর্ণ আচরণ করুন। সন্তানের পরীক্ষায় সাফল্যের জন্য দুশ্চিন্তা থেকে মুক্তি।
কুম্ভ রাশিঃ মা, বাবা ও ভাইবোনদের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার চেষ্টা করুন। কাজের সুযোগ হবে।
মীন রাশিঃ অংশীদারী ব্যবসায় এখনই বড় বিনিয়োগ করবেন না। নিজের স্বাস্থ্যের প্রতি যত্নবান হোন।

আবাস যোজনার সুপার চেকিং উপভোক্তাদের বাড়ি বিডিও-ওসি

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলপি,১৪ নভেম্বরঃ এবার আবাস যোজনার সুপার চেকিং এ বাড়ি বাড়ি হাজির বিডিও ও ওসি নিজেই। কুলপিতে আবাসের তালিকার সুপার চেকিং করতে বাড়ি বাড়ি ঘুরছেন বিডিও ও ওসি। আবাসে গরমিল ঠেকাতে কুলপি ব্লকের রমজাননগর গ্রামে ভেরিফিকেশন করতে বিডিও এবং ওসি নিজেরাই উপস্থিত হলেন বৃহস্পতিবার। ইতিমধ্যে আবাস তালিকার চূড়ান্ত পর্যায়ে সমীক্ষার ভেরিফিকেশন শুরু করেছে দক্ষিণ ২৪ পরগনার জেলা প্রশাসন। কুলপির বিডিও সৌরভ গুপ্ত ও ওসি অজয় চন্দ্র কুলপির রমজাননগর গ্রাম সহ আশে পাশের বেশ কিছু গ্রামে পৌঁছে তালিকায় নাম রয়েছে এমন উপভোক্তাদের বাড়িতে যান। বাড়ি খতিয়ে দেখার পাশাপাশি কথা বলেন তাঁরা উপভোক্তাদের সঙ্গে। তাদের থেকে সমস্ত তথ্য নেওয়ার পাশাপাশি তাদের প্রকৃত বাড়ির সামনে দাঁড় করিয়ে মোবাইলে ছবিও তোলেন পুলিশ প্রশাসনের দুই কর্তা। যোগ্য প্রাপকরাই যা এর আগে ব্লক প্রশাসনের তৈরি কমিটির সদস্যরা তালিকায় থাকা নাম ধরে ধরে গ্রামে গ্রামে পৌঁছে ভেরিফিকেশন করেছিলেন। তবে পাকা বাড়ির মালিকদের আবাসের তালিকায় নাম রয়েছে কিনা তা আরও ভাল করে খতিয়ে দেখতে এবার চূড়ান্ত পর্যায়ের ভেরিফিকেশন শুরু করলেন বিডিও এবং ওসি। এ নিয়ে কুলপির বিডিও সৌরভ গুপ্ত জানিয়েছেন, 'যাদের আবাসের তালিকায় নাম নেই আমাদের কাছে অবশ্যই আবেদন জানাতে পারেন। এখনও পর্যন্ত আমরা যে কাজটা করছি সেটা কোন সার্ভে নয়, ডিপার্টমেন্ট থেকে একটা তালিকা এসেছে, সেই তালিকা ধরে ভেরিফিকেশন করা হচ্ছে। ফলে সেই তালিকায় নতুন নাম আমাদের পক্ষে ঢোকানো সম্ভব নয়। তবে আমরা

প্রত্যেকটা বিষয়ে মানবিকভাবে দেখার চেষ্টা করছি। গ্রামের মানুষরা যারা আমাদের কাছে আসছেন। এই টেকনিক্যাল বিষয়টি অনেকেই বুঝতে পারছেন না।

আমরা চেষ্টা করছি তাদের সঙ্গে কথা বলে বিষয়টি কে বোঝানোর। তারা যদি কেউ আবেদন করতে চায় অবশ্যই আমরা আবেদন জমা নিচ্ছি।' আর আবাস যোজনার ঘর নিয়ে গ্রামে গ্রামে গন্ডগোল ঠেকাতে সঠিক ভাবে এই ফেরিফিকেশনের দরকার ছিলো বলে মনে করেন গ্রামবাসীরা।

হাওড়া ট্রাফিক গার্ডের উদ্যোগে ট্রাফিক সচেতনতার কর্মসূচি, অংশ নিল খুদে পড়ুয়ারা

সুমন আদক, হাওড়া, ১৪ নভেম্বরঃ ১৪ই নভেম্বর শিশুদিবস উপলক্ষে বৃহস্পতিবার সকালে সিটি পুলিশের হাওড়া ট্রাফিক গার্ডের উদ্যোগে ট্রাফিক সচেতনতা নিয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। হাওড়া ময়দান মেট্রো চ্যানেল সংলগ্ন যোগেশচন্দ্র গার্লস স্কুলের সামনে এদিন সকালে স্কুলের শিশু পড়ুয়াদের ওই সচেতনতার পাঠ দেন হাওড়া ট্রাফিক গার্ডের আইসি সুকান্ত কর্মকার।

এই বিষয়ে সুকান্ত বাবু বলেন, শিশুদিবস উপলক্ষে এদিন স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে ট্রাফিক সচেতনতার উপর এক সচেতনতা কর্মসূচি নেওয়া হয়। কিভাবে হেলমেট ব্যবহার করতে হবে, কিভাবে রাস্তা পারাপার করতে হবে, কিভাবে গাড়ি থেকে নেমে সাবধানতা অবলম্বন করে স্কুলে আসতে হবে এরকম বিভিন্ন বিষয়গুলি পড়ুয়াদের এদিন অবহিত করা হয়। অভিভাবকদের বলা হয় বাইকে স্কুলে এলে আপনি নিজে যেমন হেলমেট ব্যবহার করবেন, সেরকমই আপনার শিশুকেও হেলমেট পরাবেন। এতে দুজনেই সুরক্ষিত থাকবেন। এরকম বিভিন্ন বিষয় নিয়ে এদিন সচেতনতার আয়োজন করা হয়। হাওড়া সিটি পুলিশের এই উদ্যোগে খুশি অভিভাবকরাও। তারা জানান, হাওড়া সিটি পুলিশ যেভাবে সাধারণ মানুষের পাশে রয়েছে তাতে তারা খুশি। শিশু দিবসে ছাত্রছাত্রীদের নিয়ে পুলিশের এই কর্মসূচি সম্পর্কে জনৈক অভিভাবক রমিতা দত্ত বলেন, রাস্তায় সবসময় দেখি ট্রাফিক পুলিশ সকলকে সচেতন করে। যারা হেলমেট ব্যবহার করেনা তাদের বিরুদ্ধে পুলিশ আইনানুগ ব্যবস্থা নিয়ে থাকে।

পুলিশ সঠিক কাজ করছে। মানুষের নিরাপত্তার জন্য পুলিশ এইভাবেই জনগণকে সহায়তা করছে। আরেক অভিভাবিকা গীতা দাস বলেন, হাওড়া সিটি পুলিশের এটি একটি ভালো উদ্যোগ। ট্রাফিকের ব্যাপারে আমাদের নিজেদেরও আরও সচেতন হওয়া দরকার। অভিভাবক অমিত চন্দ্র বলেন, হাওড়া সিটি পুলিশ সাধ্যমতো চেষ্টা করছে। সেফ ড্রাইভ সেভ লাইফ পুলিশের একটি ভালো উদ্যোগ। সাধারণ মাবুষকেও এই ব্যাপারে সচেতন হতে হবে।

খাটোড ইনভেস্টমেন্ট এণ্ড ফিন্যান্স কোং লিমিটেড

রেজি অফিসঃ ১, রমেশ মিত্র রোড, তৃতীয় তলা, কলকাতা - ৭০০ ০২৫
ফোনঃ ০৩৩ ৪৪৫০ ০৫০০,
ইমেইল আইডিঃ khatodinv@gmail.com, ওয়েবসাইটঃ www.khatodinv.com
CIN: L65993WB1990PLC084695

৩০ সেপ্টেম্বর ২০২৪-এ শেষ হওয়া ত্রৈমাসিক এবং অর্ধ বছরের জন্য অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস (লক্ষ টাকা)

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে ৩০.৯.২৪	অর্ধবর্ষ শেষে ৩০.০৯.২৪	সমতুল্য ৩ মাস শেষে ৩১.০৯.২৩
১.	কারবার থেকে মোট আয় (নিট)	০.০০	০.০০	০.০০
২.	অন্যান্য আয়	০.০০	০.০০	০.০০
৩.	সময়ের জন্য নিট লাভ (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত সাধারণ আইটেম)	(১.৭০)	(৩.১০)	(১৫.২০)
৪.	সময়ের জন্য নিট লাভ (করের আগে, ব্যতিক্রমী এবং / বা অসাধারন আইটেমের পরে)	(১.৭০)	(৩.১০)	(১৫.২০)
৫.	সময়ের জন্য নিট লাভ (কর পরে, ব্যতিক্রমী পরে এবং / অথবা অসাধারন আইটেম)	(১.৭০)	(৩.১০)	(১৫.২০)
৬.	সময়কালের জন্য মোট ব্যাপক আয় (করের পরে) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরে)	৭৫২০.৬২	৮৬৮৩.৭৬	(৫০.৫৯)
৭.	ইক্যুইটি শেয়ার মূলধন	৩০০.২২	৩০০.২২	৩০০.২২
৮.	ইক্যুইটি প্রতি আয় শেয়ার (প্রতিটি১০ টাকার সমমূল্য) (বার্ষিক নয়) (অসাধারণ আইটেমের আগে) মূল	(০.০৬)	(০.১০)	(০.৫১)
	মিশ্র	(০.০৬)	(০.১০)	(০.৫১)
৯.	ইক্যুইটি প্রতি আয় শেয়ার (প্রতিটি১০ টাকার সমমূল্য) (বার্ষিক নয়) (অসাধারণ আইটেমের আগে) মূল	(০.০৬)	(০.১০)	(০.৫১)
	মিশ্র	(০.০৬)	(০.১০)	(০.৫১)

দ্রষ্টব্যঃ
উপরে SEBI (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে কলকাতা স্টক এক্সচেঞ্জে দায়ের করা ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস। উল্লিখিত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১৪ নভেম্বর, ২০২৪-এ অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত।
ত্রৈমাসিক এবং অর্ধ-বার্ষিক সমাপ্ত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে পাওয়া যায়, যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে এবং কোম্পানির ওয়েবসাইটে যেমন www.khatodinv.com

বোর্ডের আদেশ দ্বারা
স্বা /-
মণীষ পিঞ্চা
সার্বক্ষণিক পরিচালক
DIN:07143031

স্থানঃ কলকাতা
তারিখঃ ১৪।১১।২০২৪

SHIVLAXMI EXPORTS LIMITED

F3/313 & 314, Sreema Complex , 2nd Floor Budge Budge Trunk Road, Jalkal, Maheshta, LA, Kolkata, West Bengal, 700141
(CIN: U46109WB1981PLC033979), Phone: +918582986076
Email ID: shivlaxmi_102@yahoo.com, Website: www.sel.co.in

Unaudited Financial Results of Shivlaxmi Exports Limited for the quarter and the half year ended September 30, 2024 prepared in compliance with the Indian Accounting Standards (IND-AS) (Amount in Rs. Lakhs)

Statement of Unaudited Financial Results for the Quarter and Half Year Ended 30th September, 2024

Particulars	Quarter Ended 30-09-24 (Unaudited)	Quarter Ended 30-09-23 (Unaudited)	Year Ended 31-03-24 (Audited)
Total income from operations (net)	6.14	0.28	1.19
Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary Items)	(4.53)	0.07	0.16
Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.53)	0.07	0.16
Net Profit / (Loss) for the period after Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.53)	0.07	0.12
Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax))	(4.53)	0.07	0.12
Equity Share Capital	64.50	64.50	64.50
Reserves (excluding Revaluation Reserve)			957.30
Earnings Per equity Share (of Rs.10/each) (for continuing and discontinuing operations)			
(a) Basic:	-	0.01	0.02
(b) Diluted:	-	0.01	0.02

Notes :
1. Above results were reviewed by Audit Committee and taken on record by the Board of Directors in their meeting held on Wednesday, November 13, 2024. The Statutory Auditors of the Company have carried out a limited review of the result for the quarter and half year ended September 30, 2024.
2. The above is an extract of the detailed format of Quarterly and Half year ended Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly and Half year Ended Unaudited Financial Results are available on the Stock Exchange website (www.cse-india.com.) and Company's website: www.sel.co.in
3. The above results have been prepared in accordance with Companies (Indian Accounting Standards) Rules, 2015 ('Ind AS') prescribed under Section 133 of the Companies Act, 2013 read together with Rule 3 of the Companies (Indian Accounting Standards) Rules, 2015 and Companies (Indian Accounting Standards)Rules, 2016 as amended.

For and on behalf of Shivlaxmi Exports Limited
Sd/-
Surojit Mondal
Director
DIN : 09737859

Date : 13.11.2024
Place : Kolkata

GANGA BUILDERS LIMITED

Registered Office: F3/313 & 314, SREEMA COMPLEX, 2ND FLOOR, BUDGE BUDGE TRUNK ROAD, JALKAL, MAHESHTA, LA, KOLKATA, WEST BENGAL, INDIA, 700141
Corporate Office: UG 24 VISHWADEEP TOWER, DISTRICT CENTER JANAKPURI, JANAKPURI A-3, NEW DELHI, INDIA, 110058
CIN : U45209WB1982PLC035392, Phone: +91-8272987459
Email ID: gangabuilders82@gmail.com, Website: www.Gangabuilders.in

Unaudited Financial Results of Ganga Builders Limited for the quarter half and year ended September 30, 2024 prepared in compliance with the Indian Accounting Standards (IND-AS) (Amount in Rs. Lakhs)

Statement of Unaudited Financial Results for the Quarter and Half Year Ended 30th September, 2024

Particulars	Quarter Ended 30-09-24 (Unaudited)	Quarter Ended 30-09-23 (Unaudited)	Year Ended 31-03-24 (Audited)
Total income from operations (net)	6.100	0.26	1.27
Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary Items)	(4.72)	0.06	0.15
Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.72)	0.06	0.15
Net Profit / (Loss) for the period after Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.72)	0.06	0.12
Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax))	(4.72)	0.06	0.12
Equity Share Capital	64.00	64.00	64.00
Reserves (excluding Revaluation Reserve)	-	-	943.27
Earnings Per equity Share (of Rs.10/-each) (for continuing and discontinuing operations)			
(a) Basic:	0.00	0.01	0.02
(b) Diluted:	0.00	0.01	0.02

Notes :
1. Above results were reviewed by Audit Committee and taken on record by the Board of Directors in their meeting held on Wednesday, November 13, 2024. The Statutory Auditors of the Company have carried out a limited review of the result for the quarter and half year ended September 30, 2024.
2. The above is an extract of the detailed format of Quarterly ended Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly and Half year Ended Unaudited Financial Results are available on the Stock Exchange website https://www.cse-india.com and Company's website www.Gangabuilders.in.
3. The above results have been prepared in accordance with Companies (Indian Accounting Standards) Rules, 2015 ('Ind AS') prescribed under Section 133 of the Companies Act, 2013 read together with Rule 3 of the Companies (Indian Accounting Standards) Rules, 2015 and Companies (Indian Accounting Standards) Rules, 2016 as amended.

For and on behalf of **GANGA BUILDERS LTD**
Sd/-
DOLAN GANTAIT
Manging Director
DIN : 09737305

Date : November 13, 2024
Place : Kolkata

SUPER FINANCE LIMITED

Registered Office: F3/313 & 314, Sreema Complex, 2nd Floor Budge Budge Trunk Road, Jalkal, Maheshta, LA, Kolkata, West Bengal, 700141
(CIN: U67120WB1972PLC028257), Phone: +918697057242
Email ID: superfin102@rediffmail.com, Website: www.superfinanceltd.com

Unaudited Financial Results of Super Finance Limited for the quarter and half year ended September 30, 2024 prepared in compliance with the Indian Accounting Standards (IND-AS) (Amount in Rs. Lakhs)

Statement of Unaudited Financial Results for the Quarter and Half Year Ended 30th September, 2024

Particulars	Quarter Ended 30-09-24 (Unaudited)	Quarter Ended 30-09-23 (Unaudited)	Year Ended 31-03-24 (Audited)
Total income from operations (net)	6.23	0.26	1.17
Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary Items)	(4.52)	0.07	0.17
Net Profit / (Loss) for the period before Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.52)	0.07	0.17
Net Profit / (Loss) for the period after Tax, (after Exceptional and/or Extraordinary Items)	(4.52)	0.07	0.13
Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax))	(4.52)	0.07	0.13
Equity Share Capital	50.00	50.00	50.00
Reserves (excluding Revaluation Reserve)	-		959.22
Earnings Per equity Share (of Rs.10/each) (for continuing and discontinuing operations)			
(a) Basic:	-	0.01	0.03
(b) Diluted:	-	0.01	0.03

Notes :
1. Above results were reviewed by Audit Committee and taken on record by the Board of Directors in their meeting held on Wednesday, November 13, 2024. The Statutory Auditors of the Company have carried out a limited review of the result for the quarter and half year ended September 30, 2024.
2. The above is an extract of the detailed format of Quarterly and half yearly ended Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly and half yearly Ended Unaudited Financial Results are available on the Stock Exchange website (www.cse-india.com) and Company's website: www.superfinanceltd.com
